



আজই যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতা হতে পারে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান আলোচনা আজই একটি গুরুত্বপূর্ণ সমঝোতায় পৌঁছাতে পারে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সামাজিক যোগাযোগমাধ্যম টুথ সোশ্যালের দেওয়া এক পোস্টে তিনি এ কথা বলেন।

ট্রাম্প জানান, দুই দেশের মধ্যে একটি প্রাথমিক শান্তি চুক্তি স্বাক্ষরের প্রস্তুতি চলছে। চুক্তি হলে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল আরও স্বাভাবিক হবে এবং মধ্যপ্রাচ্যে উত্তেজনা কমানোর পথ তৈরি হবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

মার্কিন প্রেসিডেন্ট বলেন, ইরানসহ পুরো অঞ্চলের দেশগুলোর সঙ্গে গঠনমূলক সম্পর্ক গড়ে তুলতে চায় যুক্তরাষ্ট্র। একই সঙ্গে তিনি সতর্ক করে বলেন, আলোচনা সফল না হলে বিকল্প পদক্ষেপ নিতেও ওয়াশিংটন প্রস্তুত।

এর আগে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফও জানান, যুক্তরাষ্ট্র ও ইরান সম্ভাব্য একটি শান্তি কাঠামো নিয়ে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। তার দাবি, আগামী ২৪ ঘণ্টার মধ্যে দুই পক্ষের মধ্যে ইলেকট্রনিক স্বাক্ষর হতে পারে।

তবে তেহরান এখনো চূড়ান্ত সিদ্ধান্তের কথা বলেনি। ইরানের পক্ষ থেকে জানানো হয়েছে, কয়েকটি বিষয় নিয়ে আলোচনা অব্যাহত রয়েছে এবং সমঝোতার সব প্রক্রিয়া এখনও শেষ হয়নি।